রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ১৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩০, ২০১৭

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৪৭—১৬৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪০৭—৪৬৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯৭—৩১৯ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ জানুয়ারি ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৫-৫৪**—রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অধ্যাদেশ, ১৯৮৬ এর ৯(২) ধারার বিধান মোতাবেক সরকারের সাবেক সচিব জনাব মুহাম্মদ নজরুল ইসলাম-কে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদে চেয়ারম্যান হিসেবে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ পৌষ ১৪২৩/৯ জানুয়ারি ২০১৭

**নং বিচার-১/৪ডি-৪/২০১০-১৮**—যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নড়াইল ও নেত্রকোনা জজশীপের সাবেক সিনিয়র সহকারী জজ বর্তমান পটুয়াখালী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর দশমিনা চৌকি আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ হোসেন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও(ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০৪/২০১০ রুজু করা হয়; এবং

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

যেহেতু, জনাব মোহাম্মদ হোসেন-কে প্রদত্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, বিভাগীয় মোকদ্দমার তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও(ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হয়;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে অভিযুক্ত কর্মকর্তা নড়াইল ও নেত্রকোনা জজশীপের সাবেক সিনিয়র সহকারী জজ বর্তমানে পটুয়াখালী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর দশমিনা চৌকি আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ হোসেন-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী ৫(পাঁচ) বছরের জন্য পদোন্নতি স্থগিত রাখার দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

## বিচার শাখা-৭

## আদেশাবলী

তারিখ: ২৭ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৭২/২০০৪-৭৪৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে মোঃ আশরাফ আলী, পিতা-আব্দুল মোত্তালেব শেখ, মাতা-মৃত মোসাঃ হাসিনা বেগম, গ্রাম-ফুলবদিনা, ডাকঘর-অমৃতনগর, থানা-নড়াগাতী, উপজেলা-কালিয়া, জেলা-নড়াইল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নড়াইল জেলার কালিয়া উপজেলার ৯ নং বাঐসোনা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ: ২৯ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-০৫/৯৩(অংশ)-৭৪৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ সেকেন্দার আলী, পিতা-মৃত গাজী মুদ্দীন, মাতা-মৃত জরিনা বেগম, গ্রাম-উঃ চকচকা, ডাকঘর-ফুলবাড়ী, উপজেলা-ফুলবাড়ী, জেলা-দিনাজপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী পৌরসভার ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ১৭ জানুয়ারি ২০১৭

**নং বিচার-৭/২এন-৯৭/৮৭-৫০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ মঞ্জুরুল হক, পিতা-মোঃ জসিম উদ্দিন, মাতা-মোছাঃ রাহিমা খাতুন, গ্রাম-শৌলঘাই, ১নং মইলাকান্দা ইউনিয়ন, ৮ নং ওয়ার্ড, ডাকঘর-গোবিন্দপুর, উপজেলা-গৌরীপুর, ময়মনসিংহ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ০১ নং মইলাকান্দা ইউনিয়নের জন্য তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**জি. এম. নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

## কৃষি মন্ত্রণালয়
## সম্প্রসারণ-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৬ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ১২.০০.০০০০.০৫৪.১২.১১৬.১৬.(অংশ-১)-১৩**—কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর নন-ক্যাডার ৮০ (আশি) জন কর্মকর্তার পারস্পারিক জ্যেষ্ঠতা তালিকা এতদ্বারা প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বলাই কৃষ্ণ হাজরা**
যুগ্মসচিব।

**মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর নন-ক্যাডার কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা তালিকা**

| জ্যেষ্ঠতার ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | জন্ম তারিখ | নিজ জেলা | চাকুরিতে যোগদানের তারখ | চাকুরিতে নিয়মিতকরণ/ স্থায়ীকরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ড. মোঃ আনিছুর রহমান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৬-০৫-১৯৬৬ | পটুয়াখালী | ২৯-১১-২০০১ | ২৭-০৪-২০১১ | উন্নয়ন প্রকল্প হতে ২০০৭ সালে রাজস্বখাতে স্থানান্তরিত |
| ২ | ড. মহিউদ্দিন আহম্মদ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৬২ | ময়মনসিংহ | ১১-০১-১৯৮৯ | ১১-০১-১৯৮৯ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর এনালাইটিক্যাল সার্ভিসেস ডিভিশন হতে ১৯৯৩ সালে ন্যস্তকৃত |
| ৩ | সামসুন নাহার বেগম | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-১২-১৯৬৩ | ব্রাহ্মণবাড়িয়া | ১৮-০১-১৯৮৯ | ১৮-০১-১৯৮৯ | |
| ৪ | ড. এস এম আবু তাওয়াব খন্দকার | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৬-১৯৬২ | গাইবান্ধা | ০৭-০৮-১৯৯০ | ০৭-০৮-১৯৯০ | |
| ৫ | মোঃ মনিরুজ্জামান | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-১২-১৯৬৩ | ময়মনসিংহ | ০৭-০৮-১৯৯০ | ০৭-০৮-১৯৯০ | |
| ৬ | মোঃ জালাল উদ্দিন | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৭-০১-১৯৬৩ | রাজবাড়ী | ০৩-১২-১৯৯০ | ০৩-১২-১৯৯০ | |
| ৭ | মোঃ ইসমাইল | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-০৫-১৯৬৩ | কুমিল্লা | ০১-০৯-১৯৯২ | ০১-০৯-১৯২২ | |
| ৮ | ড. মোঃ আব্দুর রউফ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৫-০৫-১৯৬৫ | গাইবান্ধা | ০১-০৯-১৯৯২ | ০১-০৯-১৯৯২ | |
| ৯ | ড. মোঃ আইয়ুব-উর-রহমান | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-১০-১৯৬৩ | ঠাকুরগাঁও | ২৬-০৯-১৯৯৩ | ০১-১০-১৯৯৩ | |
| ১০ | মোঃ সামছউদ্দিন | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৫-১৯৫৮ | নোয়াখালী | ২৫-০৬-১৯৯৭ | ২৫-০৯-২০০৫ | উন্নয়ন প্রকল্প হতে ২০০০ সালে রাজস্বখাতে স্থানান্তরিত |
| ১১ | ড. মোঃ আব্দুর ওহাব গোলদার | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ২৯-০৭-১৯৫৯ | সাতক্ষীরা | ২৭-১১-১৯৯৭ | ২৭-১২-২০০৫ | |
| ১২ | ড. গাজী মোঃ জয়নাল আবেদীন | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৭-১১-১৯৬৩ | বরগুণা | ০২-১২-১৯৯৭ | ১৫-০২-২০১০ | |
| ১৩ | মোঃ মাহাবুবুর রহমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০২-০৪-১৯৬৫ | টাংগাইল | ২৮-০৯-১৯৯৩ | ০১-১০-১৯৯৩ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর এনালাইটিক্যাল সার্ভিসেস ডিভিশন হতে ১৯৯৩ সালে ন্যস্তকৃত |
| ১৪ | মোঃ জয়নাল আবেদীন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৫-১০-১৯৬৭ | বরগুণা | ২৬-০৯-১৯৯৩ | ০১-১০-১৯৯৩ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ১৫ | ভবান্দ বসাক | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১২-০৯-১৯৫৮ | দিনাজপুর | ১৩-০৫-১৯৮৬ | ১০-০৫-১৯৯৯ | উন্নয়ন প্রকল্প হতে ১৯৯২ সালে রাজস্বখাতে স্থানান্তরিত |
| ১৬ | মোঃ সফিকুজ্জমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৬৪ | বি. বাড়িয়া | ১৫-০৮-১৯৮৯ | ১০-০৫-১৯৯৯ | |
| ১৭ | মোঃ ইখতিয়ার উদ্দিন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২৪-০৭-১৯৬৩ | পটুয়াখালী | ১০-০৮-১৯৮৯ | ১০-০৫-১৯৯৯ | |
| ১৮ | ড. এস, এম, সামচুজ্জামান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৬-০৪-১৯৭২ | গোপালগঞ্জ | ২৩-১১-২০০০ | ২৩-১১-২০০০ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন থেকে নিয়োগপ্রাপ্ত |
| ১৯ | ড. মোঃ এনায়েত উল্লাহ | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৯-১৯৬৯ | কিশোরগঞ্জ | ২১-১১-২০০০ | ২১-১১-২০০০ | |
| ২০ | এ. কে. এম. আমিনুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৯-১৯৭১ | বগুড়া | ২৩-১১-২০০০ | ২৩-১১-২০০০ | |
| ২১ | ড. মাসুদা বেগম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৫-০২-১৯৭৩ | জামালপুর | ২৩-১১-২০০০ | ২৩-১১-২০০০ | |
| ২২ | ড. রুমিয়া খানম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৪-০৩-১৯৭১ | ময়মনসিংহ | ২৩-১১-২০০০ | ২৩-১১-২০০০ | |
| ২৩ | সরকার মোহাম্মদ রাসেল | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৭২ | গাইবান্ধা | ২৩-১১-২০০০ | ২৩-১১-২০০০ | |
| ২৪ | হাসান আহমদ খান চৌধুরী | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৩-১৯৭১ | সাতক্ষীরা | ২১-১১-২০০০ | ২১-১১-২০০০ | |
| ২৫ | সারমীন আখতার | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০২-০১-১৯৬৮ | চাঁদপুর | ২৫-০৬-১৯৯৪ | ১২-০৩-২০০৫ | উন্নয়ন প্রকল্প হতে ২০০০ সালে রাজস্বখাতে স্থানান্তরিত |
| ২৬ | এন.এম. জাহাঙ্গীর | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২৯-১০-১৯৬৭ | কুমিল্লা | ২৭-০৬-১৯৯৪ | ১২-০৩-২০০৫ | |
| ২৭ | মোঃ তারিকুজ্জামান তালুকদার | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-০১-১৯৬৪ | ময়মনসিংহ | ০৩-০৭-১৯৯৪ | ১২-০৩-২০০৫ | |
| ২৮ | মোসফেকা সুলতানা | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৫-০২-১৯৬৮ | রাজশাহী | ২৮-০৬-১৯৯৪ | ১২-০৩-২০০৫ | |
| ২৯ | আবুল কালাম মোঃ মঞ্জুরুল আলম চৌধুরী | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২৮-১০-১৯৬৭ | দিনাজপুর | ২৯-০১-১৯৯৭ | ২৫-০৯-২০০৫ | |
| ৩০ | ড. মোঃ লুৎফর রহমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৮-১১-১৯৬৯ | জামালপুর | ২৫-০১-১৯৯৭ | ২৫-০১-২০০৫ | |
| ৩১ | মোঃ সাইফুর রহমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৫-০২-১৯৬৭ | কুড়িগ্রাম | ০১-০২-১৯৯৭ | ২৭-১২-২০০৫ | |
| ৩২ | এস. এম. জোবায়ের আল আরমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১২-০৬-১৯৬৯ | সিরাজগঞ্জ | ০৭-১২-১৯৯৮ | ২৫-০৯-২০০৫ | |
| ৩৩ | মোঃ মাহবুবুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-০১-১৯৭০ | পটুয়াখালী | ৩০-১১-১৯৯৮ | ২২-০৫-২০০৭ | |
| ৩৪ | মোঃ শহিদুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০২-১৯৭০ | বগুড়া | ১৩-০৬-২০০০ | ২৫-০৯-২০০৫ | |
| ৩৫ | তাহমিনা খানম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৭০ | পিরোজপুর | ১৩-০৬-২০০০ | ২৫-০৯-২০০৫ | |
| ৩৬ | এ. বি. এম. মাসুদ হাসান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২১-০৮-১৯৭৬ | যশোর | ০২-১০-২০০৫ | ০২-১০-২০০৫ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন থেকে নিয়োগপ্রাপ্ত |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৭ | নাজমুল হক খান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৫-১২-১৯৭৫ | মাদারীপুর | ০২-১০-২০০৫ | ০২-১০-২০০৫ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন থেকে নিয়োগপ্রাপ্ত |
| ৩৮ | মোঃ হুমায়ুন কবীর সিরাজী | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৫-১৯৭৫ | নীলফামারী | ২৬-০২-২০০৭ | ২৬-০২-২০০৭ | |
| ৩৯ | এ, টি, এম সাজ্জাদ হোসেন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩০-১২-১৯৭৬ | বগুড়া | ১৫-০৩-২০০৭ | ১৫-০৩-২০০৭ | |
| ৪০ | মোঃ রশীদুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২৫-০১-১৯৭৭ | কুড়িগ্রাম | ২৬-০২-২০০৭ | ২৬-০২-২০০৭ | |
| ৪১ | মোঃ সিরাজুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৭৭ | ময়মনসিংহ | ২৭-০২-২০০৭ | ২৭-০২-২০০৭ | |
| ৪২ | মোঃ আমিনুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৫-০৪-১৯৭৯ | বগুড়া | ২৬-০২-২০০৭ | ২৬-০২-২০০৭ | |
| ৪৩ | হাছিনা আকতার | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২৯-০৯-১৯৭৯ | নরসিংদী | ২০-০৩-২০০৭ | ২০-০৩-২০০৭ | |
| ৪৪ | মোঃ হাবিবুর রহমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩০-০৯-১৯৭৮ | নাটোর | ০৮-০১-২০০৮ | ০৮-০১-২০০৮ | |
| ৪৫ | মোঃ এখলাসুর রহমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৪-০৮-১৯৭৭ | কুষ্টিয়া | ০১-০১-২০০৮ | ০১-০১-২০০৮ | |
| ৪৬ | মোঃ মামুন আল আহসান চৌধুরী | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৯-১৯৭০ | নীলফামারী | ১৪-০৬-২০০০ | ২৭-০৪-২০১১ | উন্নয়ন প্রকল্প হতে ২০০৭ সালে রাজস্বখাতে স্থানান্তরিত |
| ৪৭ | এ. কে. এম. জগলুল পাশা | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৫-১২-১৯৭৩ | ভোলা | ১৪-০৬-২০০০ | ২৭-০৪-২০১১ | |
| ৪৮ | মোঃ আব্দুল আহাদ মন্ডল | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-১২-১৯৭১ | গাইবান্ধা | ১৪-০৬-২০০০ | ২৭-০৪-২০১১ | |
| ৪৯ | এ.বি.এম. শহীদুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-১২-১৯৭২ | ময়মনসিংহ | ১৪-০৬-২০০০ | ২৭-০৪-২০১১ | |
| ৫০ | এ. কে. এম. আমিনুল ইসলাম আকন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০২-১৯৭৪ | বরিশাল | ১৪-০৬-২০০০ | ২৭-০৪-২০১১ | |
| ৫১ | মোহাঃ মিজানুর রহমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৭১ | চাঁপাইনবাবগঞ্জ | ১১-০৪-২০০১ | ২৭-০৪-২০১১ | |
| ৫২ | মোঃ নুরুল হুদা আল মামুন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৯-১০-১৯৭২ | ঝালকাঠি | ১১-০৪-২০০১ | ২৭-০৪-২০১১ | |
| ৫৩ | মোঃ খাইরুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-১০-১৯৭৩ | বগুড়া | ১১-০৪-২০০১ | ২৭-০৪-২০১১ | |
| ৫৪ | সেলিনা তাসনীন খান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৭১ | নেত্রকোণা | ১১-০৪-২০০১ | ২৭-০৪-২০১১ | |
| ৫৫ | তপন কুমার সাহা | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০৪-১৯৭৩ | পিরোজপুর | ১১-০৪-২০০১ | ২৭-০৪-২০১১ | |
| ৫৬ | মোঃ মাহবুবুর রশিদ | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১০-০৮-১৯৭৪ | বাগেরহাট | ১৫-০৬-২০০২ | ২৭-০৪-২০১১ | |
| ৫৭ | মোঃ আব্দুল হাকিম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৬-১০-১৯৭৫ | সিরাজগঞ্জ | ১৫-০৬-২০০২ | ২৭-০৪-২০১১ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৫৮ | মোহাম্মদ হারুন-অর-রশিদ | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩-০১-১৯৭৬ | কিশোরগঞ্জ | ১৫-০৬-২০০২ | ২৭-০৪-২০১১ | |
| ৫৯ | মোঃ নাজমুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩-০১-১৯৭৬ | পাবনা | ১৫-০৬-২০০২ | ২৭-০৪-২০১১ | |
| ৬০ | মো: জুনেদ মিয়া | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-১০-১৯৭৪ | হবিগঞ্জ | ১৫-০৬-২০০২ | ২৭-০৪-২০১১ | |
| ৬১ | মোসাম্মাৎ সালমা জান্নাত | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৭-১০-১৯৭৩ | চাঁদপুর | ১৫-০৬-২০০২ | ২৭-০৪-২০১১ | |
| ৬২ | মোছাঃ নাছরীন বেগম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০২-১০-১৯৭১ | পঞ্চগড় | ১৫-০৬-২০০২ | ২৭-০৪-২০১১ | |
| ৬৩ | মোঃ কিবরিয়া | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২১-০৮-১৯৭১ | পিরোজপুর | ২৯-০৮-২০০২ | ২৭-০৪-২০১১ | |
| ৬৪ | মোঃ সফিনুর রহমান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২৪-০৯-১৯৭৯ | দিনাজপুর | ০১-০১-২০০৬ | ২৭-০৪-২০১১ | |
| ৬৫ | মোঃ আবু শাহাদৎ হোসেন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৫-০৭-১৯৭৫ | গাইবান্ধা | ১৫-০১-২০০৬ | ২৭-০৪-২০১১ | |
| ৬৬ | রাফেজা বেগম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৮০ | জামালপুর | ০২-০১-২০০৬ | ২৭-০৪-২০১১ | |
| ৬৭ | মোঃ শফিকুল মওলা | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩০-০৬-১৯৮০ | বগুড়া | ০২-০১-২০০৬ | ২৭-০৪-২০১১ | উন্নয়ন প্রকল্প হতে ২০০৭ সালে রাজস্ব খাতে স্থানান্তরিত |
| ৬৮ | মানিক চন্দ্র রায় | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১১-০৯-১৯৭৬ | পঞ্চগড় | ০৪-০১-২০০৬ | ২৭-০৪-২০১১ | |
| ৬৯ | মুহাম্মদ মহিউদ্দিন আল মামুন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১-১২-১৯৭৬ | ঢাকা | ০১-০১-২০০৬ | ২৭-০৪-২০১১ | |
| ৭০ | মোঃ মোহসীন ফরাজী | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-১২-১৯৭৮ | বরিশাল | ২৯-১২-২০০৫ | ২৭-০৪-২০১১ | |
| ৭১ | মোহাম্মদ সাজ্জাদ হোসেন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০২-১৯৭৯ | গাজীপুর | ০১-০১-২০০৬ | ২৭-০৪-২০১১ | |
| ৭২ | মেহনাজ মোশাররফ | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৮-১০-১৯৮৫ | পটুয়াখালী | ১৮-১২-২০১২ | ১৮-১২-২০১২ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন থেকে নিয়োগপ্রাপ্ত |
| ৭৩ | মনিরুজ্জামান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২২-০১-১৯৮১ | নরসিংদী | ২৩-১২-২০১২ | ২৩-১২-২০১২ | |
| ৭৪ | মোঃ রোকনুজ্জামান | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১-০১-১৯৮৯ | কুষ্টিয়া | ১৩-০৩-২০১৪ | ১৩-০৩-২০১৪ | |
| ৭৫ | সালমা আক্তার | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৫-০৯-১৯৮৯ | ময়মনসিংহ | ১৩-০৩-২০১৪ | ১৩-০৩-২০১৪ | |
| ৭৬ | আইরিন সুলতানা | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩-১১-১৯৮৬ | ঢাকা | ১৩-০৩-২০১৪ | ১৩-০৩-২০১৪ | |
| ৭৭ | কাজী আমিনুল ইসলাম | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৮-০৩-১৯৮৬ | পটুয়াখালী | ১৩-০৩-২০১৪ | ১৩-০৩-২০১৪ | |
| ৭৮ | আর্জিনা হক | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১১-০৩-১৯৯০ | শেরপুর | ১৩-০৩-২০১৪ | ১৩-০৩-২০১৪ | |

| জ্যেষ্ঠতার ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | জন্ম তারিখ | নিজ জেলা | চাকুরিতে যোগদানের তারিখ | চাকুরিতে নিয়মিতকরণ/ স্থায়ীকরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ রফিকুল ইসলাম | সিনিয়র কার্টোগ্রাফার | ২৫-০৮-১৯৬৮ | ঝিনাইদহ | ২৫-০৪-১৯৯৫ | ১৯-০৭-২০০৫ | |
| ০১ | মোঃ শরিফুল ইসলাম | পাবলিকেশন এন্ড লিয়াজো অফিসার | ০১-১১-১৯৭৪ | নাটোর | ০২-১০-২০০৫ | ০২-১০-২০০৫ | |

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**সরকারি বিশ্বঃ-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ পৌষ ১৪২৩/০৫ জানুয়ারি ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৮০.০১১.০১.১৬-১২**—পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১০ (১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Dept. of Agronomy বিভাগের অধ্যাপক ড. মোঃ হারুনর রশীদকে বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত শর্তে উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করেছেন:

১ ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর এ নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

২ ভাইস-চ্যান্সেলর হিসেবে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি এবং অন্যান্য সুযোগ-সুবিধাদি ভোগ করবেন;

৩ তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন;

৪ এই নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

**নং ৩৭.০০.০০০০.০৮০.০১১.০২.১৬-১৩**—পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১২ (১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হর্টিকালচার বিভাগের অধ্যাপক মোহাম্মদ আলীকে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করেছেন:

১ উপ-উপচার্য পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

২ উপ-উপচার্য পদে কর্মরত থাকাকালীন তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি ভোগ করবেন;

৩ তিনি উপ-উপচার্য পদে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

৪ তিনি বিশ্ববিদ্যালয় সংবিধি/আইন দ্বারা নির্ধারিত ও উপচার্য কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করবেন।

৫ এ নিয়োগাদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**শাহনাজ সামাদ**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৬ পৌষ ১৪২৩/০৯ জানুয়ারি ২০১৭

**নং ৩১.০০.০০০০.০৩৬.০৩৩.০৯০.১১-০৯**—১৯৩৫ সনের বেঙ্গল সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়ালের ৩২১ অনুযায়ী নিম্নোক্ত মৌজার গঠন ও নামকরণের প্রস্তাব নির্দেশক্রমে অনুমোদন করা হয়েছে :

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | প্রস্তাবিত মৌজার নাম | প্রস্তাবিত জে এল নং | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|
| ১ | নোয়াখালী | হাতিয়া | স্বর্ণদ্বীপ | ৮০ | ২৫০০ |

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

**অধিগ্রহণ শাখা-০২**
**শাখা-১১**
**এল.এ মামলা নং-৫৮/৭৩-৭৪**
**ঘোষণাপত্র**
**(ফরম নং-ঘ)**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ: ১৬ জানুয়ারি ২০১৭

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬২.১৪-১৯**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৭-১২-১৯৭৪ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হ'ল।

**তফসিল**

জেলা চট্টগ্রাম, থানা-সীতাকুণ্ড, মৌজা-মুরাদপুর, জে. এল. নং ২৬

| আর. এস খতিয়ান নং | আর. এস দাগ নং | মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১৫৫৯ | ২২১৮ (আংশিক) | ০.০৮ | ০.০৭ |
| ১৬৭৩ | ২২২৩ পূর্ণ | ০.১৩ | ০.১৩ |
| ১৫৫৯ | ২২২৪ ,, | ০.০৬ | ০.০৬ |
| ১৬৭৩ | ২২২৫ ,, | ০.১২ | ০.১২ |
| ২০০৯ | ২২২৬ ,, | ০.০৫ | ০.০৫ |
| ২০০৯ | ২২২৭ ,, | ০.০৫ | ০.০৫ |
| ১৯৮৬ | ২২২৮ (আংশিক) | ০.২৫ | ০.১৭ |
| ১৯৯৮ | ২৩৪০ ,, | ০.০৬ | ০.০৫ |
| ২০০৪/১ | ২৩৪১ পূর্ণ | ০.১৫ | ০.১৫ |
| ১৯৯৮ | ২৩৪২ ,, | ০.১৫ | ০.১৫ |
| ১৫৫৯ | ২৩৫০ ,, | ০.১২ | ০.১২ |
| ১৫৫৯ | ২৩৫১ ,, | ০.০৪ | ০.০৪ |
| ১২০৮ | ২৩৫২ ,, | ০.১০ | ০.১০ |
| ১২০৮ | ২৩৫৩ ,, | ০.০৬ | ০.০৬ |
| ১৫৫৯ | ২৩৫৪ (আংশিক) | ০.১৪ | ০.১০ |
| ১৫৮৫ | ২৩৬৫ পূর্ণ | ০.০৫ | ০.০৫ |
| ১৫৫৯ | ২৩৬৬ (আংশিক) | ০.১৩ | ০.১১ |

মোট=১.৫৮ একর

জমির নক্সা এল. এ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রামে দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

## পরিকল্পনা কমিশন
## সাধারণ অর্থনীতি বিভাগ

### প্রজ্ঞাপন

তারিখ: ২৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/১১ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২০.০১.০০০০.০৩৪.২০.০০৯.১৬-৪০**—বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) প্রণয়নের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগকে প্রয়োজনীয় উপদেশ ও পরামর্শ প্রদানের জন্য নিম্নোক্ত বিশেষজ্ঞ প্যানেল (Panel of Experts) গঠন করা হলো :

**কমিটি গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

**সভাপতি**

১ অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, অর্থনীতিবিদ

**সদস্যবৃন্দ**

২. জনাব রাশেদা-কে চৌধুরী, নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান।

৩. ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান পাওয়ার অ্যান্ড পারটিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)।

৪. মুখ্য সমন্বয়ক, এসডিজিস, প্রধানমন্ত্রীর কার্যালয়।

৫. অধ্যাপক ডাঃ প্রাণ গোপাল দত্ত, চিকিৎসাবিদ

৬. অধ্যাপক নজরুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ,নগর গবেষণা কেন্দ্র (সিইউএস)।

৭. ড. মোস্তফা কামাল মুজেরী, নির্বাহী পরিচালক, ইন্সটিটিউট অব ইনক্লুসিভ ফাইন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (আইএনএম)।

৮. অধ্যাপক ড. আবদুল বায়েস, পরিচালক, ব্রাক গবেষণা ও মূল্যায়ন বিভাগ।

৯. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়

১০. অধ্যাপক এম. এম. আকাশ, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১১ অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

১২. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা কেন্দ্র (বিআইডিএস)।

১৩. ড. বিনায়ক সেন, গবেষণা পরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা কেন্দ্র (বিআইডিএস)।

১৪. সভাপতি, দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)।

১৫. নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)।

১৬. ড. সেলিমুল হক, পরিচালক, ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্ট (আইসিসিসিএডি)।

১৭. অধ্যাপক এটিএম নুরুল আমিন, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

১৮. অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী, কোষাধ্যক্ষ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

**সদস্য-সচিব**

১৯. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

২। কমিটির কার্যপরিধি ( Terms of References ) নিম্নরূপঃ

বিশেষজ্ঞ প্যানেল, এর নিজস্ব কার্যপরিধি স্থির করবে। কার্যপরিধি স্থিরকরণে প্যানেল নিম্নে বর্ণিত বিষয়াবলি বিবেচনা করবে:

২.১ বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) এর সামষ্টিক উদ্দেশ্যাবলি ও লক্ষ্যসমূহ;

২.২ সামষ্টিক উদ্দেশ্যাবলি ও লক্ষ্যসমূহের সঙ্গে খাতওয়ারি উদ্দেশ্যাবলি ও লক্ষ্যসমূহের সামঞ্জস্য:

২.৩ সরকারের উন্নয়ন দর্শনের (রূপকল্প ২০৪১) সঙ্গে দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) এর উদ্দেশ্যাবলি ও লক্ষ্যসমূহের সামঞ্জস্য বিধান;

২.৪ টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs), বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা (Bangladesh Delta Plan), পঞ্চবার্ষিক পরিকল্পনাসমূহ, সার্ক উন্নয়ন অভীষ্ট (SAARC Development Goals), জাতীয় টেকসই উন্নয়ন কৌশলপত্র (NSDS) এবং অন্যান্য জাতীয় পরিকল্পনা ও নীতিমালার সঙ্গে বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা সমন্বয় সাধন; এবং

২.৫ সকল কর্মকান্ড মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়কে অবহিতকরণ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা গ্রহণ।

৩। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সামষ্টিক ও প্রেক্ষিত পরিকল্পনা অনুবিভাগ বিশেষজ্ঞ প্যানেলকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ মঈনুল ইসলাম মঈন**
সহকারী প্রধান।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## পুলিশ-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২১ পৌষ, ১৪২৩/০৪ জানুয়ারি, ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৬১.১৫-২৫/১**—যেহেতু জনাব কাজী মোঃ ছোয়াইব, সিনিয়র সহকারী পুলিশ সুপার, আরআরএফ, সিলেট এর বিরুদ্ধে রাজশাহী রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত থাকাকালে পুলিশ প্রশিক্ষণ কেন্দ্র, আরআরএফ রাজশাহীতে টিআরসিদের আইন প্রশিক্ষক হিসেবে নিয়োজিত থেকে টিআরসিদের প্যারেড গ্রাউন্ডে তার উপস্থিত থাকার কথা থাকলেও প্রায় ০১ (এক) ঘন্টা বিলম্বে প্যারেড গ্রাউন্ডে উপস্থিত হওয়া, প্রশিক্ষণরত টিআরসি/১৪(১৫৭তম) ব্যাচের চূড়ান্ত পরীক্ষার ০১ নং প্রশ্নের উত্তরপত্র মূল্যায়নের জন্য নির্দেশ দেয়া হলেও ০১ নং প্রশ্নের উত্তরপত্র মূল্যায়ন না করে কমিটির অন্যান্য সদস্যদেরকে তা মূল্যায়ন করে দেয়ার কথা বলে পার্শ্ববর্তী রুমে গিয়ে কম্পিউটার নিয়ে ব্যস্ত থাকা, বাৎসরিক চাঁনমারী করানোর জন্য তার উপস্থিতিতে

ফায়ারিং শুরু হওয়ার কথা থাকলেও তিনি যথাসময়ে সেখানে উপস্থিত না থাকা, ফায়ারিং চলাকালীন আনুমানিক ১৪.০০ ঘটিকায় ফায়ারিং বাটে উপস্থিত হয়ে অশালীন কটুক্তি করা এবং ডিটেলের অন্যান্য সদস্য পিছনে ফিরে তাকালে তাদের উচ্চস্বরে গালাগালি করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক অদক্ষতা এবং অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু জনাব কাজী মোঃ ছোয়াইব এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ০২ (দুই) প্রস্থের ছায়ালিপির মধ্যে ০১ কপি নিজে স্বাক্ষরমূলে গ্রহণ করতঃ অপর কপিতে স্বাক্ষর দিয়ে রিসিভ কপি বাহকের নিকট ফেরত প্রদান না করায় অসদাচরণের অভিযোগে পুলিশ সদর দপ্তর হতে তার কৈফিয়ত তলব করা হয়। দাখিলকৃত কৈফিয়তের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে ইতোপূর্বে রুজুকৃত বিভাগীয় মামলার সাথে অতিরিক্ত অভিযোগ হিসেবে গণ্য করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৭-০৬-২০১৬ তারিখের দঃ শৃঃ/৩৭-২০১৪/ ৮৬৪ নম্বর স্মারকে অনুরোধ করা হয়েছে ; এবং

৩। যেহেতু তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন। তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হলে পূর্বে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ এবং পুলিশ সদর দপ্তর হতে ২৭-০৬-২০১৬ তারিখে প্রেরিত অভিযোগে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ; এবং

৪। যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, অভিযোগের গভীরতা ও সার্বিক অবস্থা পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণের' অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত। তিনি একজন নবীন কর্মকর্তার এবং ভবিষ্যতে এসব আচরণগত বিষয় অধিকতর সজাগ হওয়ার মত শিক্ষা ও অভিজ্ঞতা অর্জন করবেন বলে প্রত্যাশা করা যায়। তার বিরুদ্ধে আনীত অভিযোগ লঘু প্রকৃতির বিবেচনায় শুনানীর এই পর্যায়ে তাকে লঘু দন্ডের যেকোন একটি দন্ড দেয়াই যুক্তিযুক্ত।

৫। সেহেতু সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব কাজী মোঃ ছোয়াইব, সিনিয়র সহকারি পুলিশ সুপার, আরআরএফ, সিলেট-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২)(বি) বিধি অনুসারে একই বিধিমালার ৪(২)(এ) বিধি মোতাবেক লঘুদণ্ড হিসেবে "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল উদ্দিন আহ্‌মেদ**
সচিব।

---

**আইন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/১১ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-১৬**—কক্সবাজার জেলার টেকনাফ থানার মামলা নম্বর-৮৮, তারিখ-৩১-০৭-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)/ ৭/১৪ গত ৩০-০৭-২০১৬ খ্রিঃ তারিখ কক্সবাজার জেলার টেকনাফ থানাধীন বাহার ছড়া ইউনিয়নের শ্যামলাপুর গ্রামে ধৃত আসামী মৌলভী সৈয়দ করিম এর বসত বাড়ী স্থানে আসামী সালাহুল ইসলাম প্রকাশ সালাহুল ইসলাম (৫৮) আর এস ও (RSO) এর সাবেক নেতা পিতামৃত-হাফেজ জিয়াউল হকসহ অন্যান্য আসামীগণ কর্তৃক বাংলাদেশের অখন্ডতা, জননিরাপত্তা, সার্বভৌমত্ব বিপন্ন, জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে হত্যা ও গুরুতর জখম ও অপহরণসহ রাষ্ট্রের সম্পত্তির ক্ষতিসাধন তথা সন্ত্রাসী কার্যকলাপের জন্য অর্থের সংগ্রহের জন্য ষড়যন্ত্রমূলক গোপন পরিকল্পনা ও আশ্রয়দানের অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ৩ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৬-২০**—বগুড়া জেলার সদর থানার মামলা নম্বর-৬০, তারিখ-১৫-০৬-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)(ঈ)/ ১২। গত ১৫-০৬-২০১৬ খ্রিঃ তারিখ বগুড়া জেলার সদর থানাধীন হাকিম মোড়স্থ মোস্তাফারিয়া মাদ্রাসার পিছনে জনৈক আব্দুস ছাত্তার এর বসত বাড়ীর মধ্যে আসামী মোঃ সানাউল্লাহ ইসলাম ইয়ামিন (২১) ওরপে সানাউল ইসলাম পিতা মোঃ বাবর আলীকে সরকার ও রাষ্ট্রবিরোধী ৫০টি লিফলেট (যার প্রতিটিতে হত্যা করে ইসলামী আন্দোলন স্তব্ধ করা যাবে না, শহীদ মাওলানা মতিউর রহমান নিজামীর হত্যাকারী জুলুমবাজ সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ গণপ্রতিরোধ গড়ে তুলুন, বাংলাদেশ জামায়াতে ইসলামী, লেখা), ১টি সংবিধান বই (ইসলামী ছাত্র শিবির বাংলাদেশ), ৫টি ব্যক্তিগত রিপোর্ট বইসহ গ্রেফতার করা হয়। জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রামাণিত হয়েছে যে, আসামি বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের মতাদর্শে সম্পৃক্ততার পাশাপাশি সরকার ও রাষ্ট্র বিরোধী জিহাদী লিফলেট বই বিতরণ প্রচারনাসহ নাশকতার উদ্দেশ্যে রাষ্ট্রীয় সম্পত্তি ধ্বংসের ষড়যন্ত্র করার অপরাধ করেছে। মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩) এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোধন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-২১**—ঢাকা জেলার খিলগাঁও থানার মামলা নম্বর-০২, তারিখ-১-০৫-২০১৬ খ্রীঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ১০। গত ১-০৫-২০১৬ খ্রিঃ তারিখ ঢাকা জেলার খিলগাঁও থানাধীন বাসা নং-১৮২, ভূইয়া পাড়া, মেরাদিয়া টিনশেড বাড়ির ডানপার্শ্বের ১ম কক্ষ থেকে ধৃত আসামী মোঃ মাসুম হওলাদার (৩৫) পিতা-মৃত এস এ খালেক হাওলাদার এর নিকট থেকে জব্দকৃত আলামত ১২টি বই পরীক্ষান্তে এবং পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী মোঃ মাসুম হাওলাদার ও অন্যান্য আসামীগণ নিষিদ্ধ জঙ্গি সংগঠন এর গোপন অপরাধ সংঘটনের ষড়যন্ত্রের অপরাধ করেছে। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-২২**—ঢাকা জেলার আশুলিয়া থানার মামলা নম্বর-১১, তারিখ-৪-০৯-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৯/১৩। গত ০৪-০৯-২০১৬ খ্রিঃ তারিখ ঢাকা জেলার আশুলিয়া মডেল থানাধীন মানিক ভিলা, ফ্ল্যাট নং ৪/৫,(৪র্থ তলা), (ইঞ্জিনিয়ার মোঃ হাবিবুর রহমানের বাড়ি), পূর্ব ডেন্টাবর, অফিসার হাউজিং, পল্লী বিদ্যুৎ, এর বাসার ভাড়াটিয়া আসামী মোঃ রওশন কবির @ শাহিন (৩০), পিতা-আবু বকর সিদ্দিক এর দখল থেকে জব্দকৃত আলামত-১টি ল্যাপটপ, একটি ট্যাব, মেমোরী কার্ড, সিম, মোবাইল সেট, ব্যক্তিগত রিপোর্ট, জিহাদী বই, পত্রিকা, ফেসবুক আইডি, ই-মেইল ইত্যাদি যথাযথ পরীক্ষান্তে ডিজিটাল ফরেনসিক রিপোর্ট ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রামাণিত হয়েছে যে, আসামি নিষিদ্ধ জঙ্গী সংগঠন সত্তার সমার্থন পূর্বক সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধ করেছে। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩) এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখঃ ০৪ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ/১৭ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৬-২৩**—টাঙ্গাইল জেলার কালিহাতি থানার মামলা নম্বর-১৭, তারিখ-২৩-০৮-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬/৮/৯/১০/১২/১৩। গত ২৩-০৮-২০১৬ খ্রিঃ তারিখ টাঙ্গাইল জেলার কালিহাতি থানাধীন হাওড়াপাড়া গ্রামে অবস্থিত মাদরাসায়ে বাগেনুর (কওমীয়া) মাদ্রাসা প্রাঙ্গনের পূর্ব পার্শ্বে অবস্থিত উক্ত মাদ্রাসার পরিচালক ধৃত আসামী মোঃ বেলাল খান @রঞ্জু (২৯) পিতা-মৃত মোঃ সবদল খান এর দেখানো মতে নিজ টিনশেড বসতঘরের ভিতর রক্ষিত ১টি কাঠের বাক্সের ভিতর থেকে বিভিন্ন আলামত যেমন-পরিচয়পত্র, পেপার কাটিং, প্রচারণা পোস্টার, ২টি মোবাইল সেট, ৪টি সিম ২টি মেমোরি কার্ড, একটি ডায়েরী পাওয়া যায়। আলামতগুলো জব্দ করা হয় এবং যথাযথভাবে পরীক্ষা করা হয়। ডিজিটাল ফরেনসিক রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, জব্দকৃত আলামতে রাষ্ট্র বিরোধী বক্তব্য এবং জঙ্গি কার্যক্রম উদ্ধুদ্ধ করতে পারে এমন জিহাদী বক্তব্যসম্বলিত মোট ১৫টি ডকুমেন্টারী ভিডিও লেকচার, পিডিএফ ফরমেটে, ই-বুক, ফেসবুক আইডি ব্যবহার করে রাষ্ট্র বিরোধী ও সন্ত্রাসবাদকে উদ্বুদ্ধ করতে পারে এমন বক্তব্য পোস্ট করার তথ্য পাওয়া গেছে।বিশেষজ্ঞ মতামত ও তদন্তে প্রাথমিকভাবে প্রামাণিত হয়েছে যে, আসামি নিষিদ্ধ জঙ্গী সংগঠনের সদস্য, নিষিদ্ধ সত্তা সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র, সাহায্য সহযোগিতা ও সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধ করেছে। মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় হওয়ায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মমতাজ উদ্দিন**

উপসচিব।

তারিখঃ ১৬ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ/৩০ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৫.১৫-৬০৭**—বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্টেট, আমলী আদালত "ক" অঞ্চল, টাঙ্গাইল এর কোর্ট পিটিশন নং $\frac{০১}{০১}$/২০১৬, তারিখ ২৯-০৯-২০১৬ খ্রিঃ মোতাবেক বিএনপির সাবেক স্থায়ী কমিটির সদস্য তানভীর আহম্মেদ সিদ্দিকীর ছেলে চৌধুরী ইরাদ আহম্মেদ সিদ্দিকী গত ২৫-০৯-২০১৬ তারিখ রাত অনুমান ১০.০০ ঘটিকার সময় তার ফেসবুক আইডি'র মাধ্যমে স্ট্যাটাসে লিখছে যে, "শেখ হাসিনাকে হত্যা ছাড়া বাংলাদেশের ক্ষমতার ভারসাম্য ও গণতন্ত্র ফেরানো সম্ভব নয়।" এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে ব্যঙ্গচিত্র তৈরী করে ফেসবুকে পোস্ট করেছে। চৌধুরী ইরাদ আহম্মেদ সিদ্দিকী আরও উল্লেখ করে যে, শেখ হাসিনাকে হত্যা করা সম্ভব নয়, কারণ শেখ হাসিনার চারদিকে ভারতের বিশেষ নিরাপত্তা চাদর রয়েছে। ভারতীয়রা শেখ হাসিনার নিরাপত্তার বিধান করেছে। কারণ শেখ হাসিনা বাংলাদেশে ভারতের প্রধিনিধিত্ব করছেন। শেখ হাসিনাকে হত্যা ছাড়া বাংলাদেশের ক্ষমতার ভারসাম্য ও গণতন্ত্র ফেরানো সম্ভব নয়। আসামীর এহেন কার্যকলাপ রাষ্ট্রদ্রোহ অপরাধ। এ প্রেক্ষিতে দণ্ডবিধি ১৮৬০ এর ১২৪-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান মাহমুদ**

সহকারী সচিব।

**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০২ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

